গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেড়া, পাবনা।
www.bera.pabna.gov.bd

স্মারক নং -০৫.৪৩.৭৬১৬.০০০.০২০.০২১.২৩-২৮৫ তারিখ ঃ- ২৭/০৩/২০২৩ খ্রি.।

# 'ভিপি পুকুর ইজারা বিজ্ঞপ্তি'

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেড়া উপজেলাধীন নিম্নতফসিল বর্ণিত ভিপি/অর্পিত তালিকাভুক্ত পুকুরটি বাংলা ১৪৩০ সন হতে বাংলা ১৪৩২ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ইজারা প্রদান করা হবে। উক্ত নিলাম ডাক আগামী ১০/০৪/২০২৩ খ্রি. তারিখে বেলা ১১.৩০ ঘটিকায় সহকারী কমিশনার (ভূমি), বেড়া, পাবনা এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। নিলাম ডাকে অংশ গ্রহণ করতে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ১০/০৪/২০২৩ খ্রি. তারিখে বেলা ১১.০০ ঘটিকার মধ্যে সহকারী কমিশনার (ভূমি), বেড়া, পাবনা বরাবর ২০/- (বিশ) টাকার কোর্ট ফি সম্বলিত আবেদনপত্র দাখিলপূর্বক যথাস্থানে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রথম পর্যায়ে নিলাম ডাকে বিধি মোতাবেক সন্তোষজনক দর পাওয়া না গেলে উক্ত ডাক তালিকায় উল্লিখিত তারিখসমূহে পর্যায়ক্রমে নিলাম ডাক কার্যক্রম পরিচালিত হবে। উল্লেখ্য যে, আইন-৪ অধিশাখা, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০২.১৬-৬১৯; তারিখ: ০৩/১২/২০১৯ খ্রিষ্টাব্দ এ জারিকৃত সর্বশেষ পরিপত্রের ৮ নং অনুচ্ছেদে অনুসারে 'পুকুর বা জলাশয়' এর এক অংশ অর্পিত সম্পত্তি এবং অপর অংশ ব্যক্তি মালিকানাধীন থাকলে অর্পিত অংশের ইজারা প্রদানে মামলা-মোকদ্দমা কিংবা চাষাবাদ সংক্রান্ত জটিলতা এড়ানোর লক্ষ্যে, প্রচলিত নীতিমালা শিথিল করে অংশ মালিককে ন্যায্য ইজারা মূল্যে নিম্নতফসিল বর্ণিত ভিপি/অর্পিত পুকুরটি ইজারা প্রদান করা হবে।

## ঃ তফসিল সম্পত্তির বিবরণ নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | ভিপি কেস নম্বর | মৌজার নাম | খতিয়ান নম্বর (এসএ) | দাগ নম্বর (এসএ) | জমির পরিমাণ (একরে) | সম্ভাব্য ইজারা মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১) | ১৩(বেড়া)/৮৪-৮৫ | ভবানীপুর | ৭১ | ১৭ | ০.৮৯০০ একর | ২৪,১৫০/- | অংশ মালিকানা ভিপি পুকুর |

## ঃ নিলাম ডাকের ধারাবাহিক বিবরণ নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | নিলাম ডাকের পর্যায় | নিলাম ডাকের তারিখ | নিলাম ডাকের সময় | নিলাম ডাকের স্থান |
|---|---|---|---|---|
| ০১) | প্রথম পর্যায় | ১০-০৪-২০২৩ খ্রিঃ | বেলা - ১১.৩০ ঘটিকা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেড়া, পাবনা |
| ০২) | দ্বিতীয় পর্যায় | ২৫-০৪-২০২৩ খ্রিঃ | বেলা - ১১.৩০ ঘটিকা | (-ঐ-) |
| ০৩) | তৃতীয় পর্যায় | ১১-০৫-২০২৩ খ্রিঃ | বেলা - ১১.৩০ ঘটিকা | (-ঐ-) |

নিলাম ডাকের শর্তসমূহ:

০১) প্রকাশ্য নিলাম ডাকের ধার্য তারিখে বেলা ১১.০০ ঘটিকার পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উক্ত সময়ের পুর্বেই আবেদনপত্র দাখিল করতে হবে।

০২) প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণের কমপক্ষে (আধা ঘন্টা) পূর্বে ডাকে অংশ গ্রহণকারীকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অগ্রীম জামানত হিসেবে জমা প্রদান করতে হবে (জামানত ফেরতযোগ্য বা সমন্বয়যোগ্য)।

০৩) সর্বোচ্চ ডাককারীর ডাক গৃহিত হবে (তবে এক্ষত্রে আইন-৪ অধিশাখা, ভূমি মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০০২.১৬ -৬১৯; তারিখ: ০৩/১২/২০১৯ খ্রিষ্টাব্দ এ জারিকৃত সর্বশেষ পরিপত্র অনুসরণ করা হবে) এবং ডাকের সমুদয় অর্থ (১৫% ভ্যাট ও ১০% আয়করসহ) সাথে সাথে ডাক টেবিলে জমা প্রদান করতে হবে অন্যথায় জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

০৪) ভিপি পুকুরের গত বারের ইজারা মূল্যের চেয়ে কমপক্ষে ৫% বৃদ্ধি করে প্রাপ্ত মূল্যই সংশ্লিষ্ট ভিপি পুকুরের সর্বনিম্ন সরকারি ইজারা/নিলাম ডাকমূল্য হিসেবে গণ্য হবে।

০৫) সর্বোচ্চ ডাককারী ইজারা/নিলাম ডাকে অংশগ্রহণ করে পরে তা প্রত্যাহার করলে সেক্ষেত্রে তার জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

০৬) ডাককারী কর্তৃপক্ষ যে কোন কারণে তালিকা সংযোজন/বিয়োজন করার ক্ষমতা রাখেন এবং তফসিলে দাগ, খতিয়ান, জমির পরিমাণ, মৌজার নাম, ভিপি কেস নম্বর ইত্যাদি ভুল হলে তা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(চলমানপাতা-০২)

০৭) ডাক পরিচালনাকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ডাক বাতিল/স্থগিত/ডাকের পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮) কর্তৃপক্ষ কর্তৃক ডাক চূড়ান্ত অনুমোদিত হলে সর্বোচ্চ ডাককারীর অনুকূলে পুকুরের দখল বুঝিয়ে দেয়া হবে।

০৯) ইজারাকৃত পুকুরের কোনরূপ শ্রেণি পরিবর্তন করা যাবে না এবং সাব-লীজ দেয়া যাবে না। এছাড়া পুকুরে মৎস্য শিকারের জন্য পানিতে কোন প্রকার কিটনাশক বা রাসায়নিক দ্রব্যাদি ব্যবহার করা যাবে না। এরূপ করলে ইজারা বাতিল বলে গন্য হবে এবং ডাকের সমুদয় টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

১০) ইজারাকৃত পুকুরের পাড়ের গাছ কাটা ও পানি শুকিয়ে ফেলা যাবে না।

১১) বছরের যে কোন সময় প্রদত্ত ইজারা বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে কার্যকর হবে।

১২) ইজারা/নিলাম ডাকের যে কোন শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩) ইজারা গ্রহিতা মৎস্য চাষ ব্যতিত অন্য কোন কাজে ইজারাকৃত পুকুর ব্যবহার করতে পারবেন না এবং পুকুর এর কোন অংশের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার স্বত্বের সৃষ্টি হবে না।

১৪) ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত পুকুর নিয়ে কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা থাকলে তা ইজারা কার্যক্রমের আওতামুক্ত থাকবে এবং ভবিষ্যতে যদি জানা যায় যে, নিষেধাজ্ঞা বলবৎ তবে উক্ত ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৫) সরকারী বিধি মোতাবেক ডাক শেষ হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে/প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির পর পরই ডাককারী কর্তৃক নিজ খরচে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে।

২৭/০৩/২০২৩
(মোহাঃ সবুর আলী)
উপজেলা নির্বাহী অফিসার
বেড়া, পাবনা
ফোন: ০৭৩২৩৭৫০০৩
মোবা: ০১৭৬২৬২১০২৩
e-mail:unobera@mopa.gov.bd

অনুলিপি সদয় জ্ঞতার্থে:

০১। জেলা প্রশাসক, পাবনা।
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেড়া, পাবনা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০৪। জনাব মোঃ মোজহারুল ইসলাম, চেয়ারম্যান, রুপপুর ইউনিয়ন পরিষদ, বেড়া, পাবনা।
০৫। উপজেলা মৎস্য কর্মকর্তা, বেড়া, পাবনা।
০৬। অফিসার ইন-চার্জ, আমিনপুর থানা, বেড়া, পাবনা তাঁকে ধার্য তারিখে নির্ধারিত স্থানে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়নের জন্য অনুরোধ করা হলো।
০৭। জনাব অপূর্ব কুমার সাহা, সহকারী প্রোগ্রামার, বেড়া, পাবনা (তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েভ পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বেড়া, পাবনা।
০৯। উপজেলা সমবায় কর্মকর্তা, বেড়া, পাবনা।
১০। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বেড়া, পাবনা।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, রুপপুর ইউনিয়ন ভূমি অফিস, বেড়া, পাবনা। তাকে বিজ্ঞপ্তিটি সকল হাট-বাজারসহ গুরুত্বপূর্ণ স্থানে ব্যাপক প্রচার ও ঢোল শহরত পিটিয়ে জারী করতঃ জারীর প্রতিবেদন অত্রাফিসে দাখিল করার জন্য বলা হলো। এছাড়া পুকুরপাড়, স্থানীয় মসজিদ/মন্দির এবং গুরুত্বপূর্ণ রাস্তায় বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো।
১২। মোঃ আব্দুল মালেক খান, প্রধান শিক্ষক, মাশুন্দিয়া ভবানীপুর উচ্চ বিদ্যালয়, বেড়া, পাবনা এবং সাবেক লীজ গ্রহিতা, বেড়া, পাবনা।
১৩। নোটিশ বোর্ড/অফিস কপি।